

একাডেমিক শাখা
রেজিস্ট্রার দপ্তর
প্রশাসনিক ভবন (৫ম তলা)



“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম, বাংলাদেশ।

তারিখ: ১০.০১.২০১৯

-ঃ বিজ্ঞপ্তি ঃ-

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে অনলাইনে বিষয়/বিভাগ পছন্দক্রম তালিকা পূরণ করেছে কিন্তু ৫ম পর্যায় শেষেও কোন বিষয়/বিভাগ মনোনয়ন পায়নি সে সকল শিক্ষার্থীদের স্ব স্ব profile এ প্রদর্শিত বিভাগ/ইনস্টিটিউটসমূহে ভর্তি প্রক্রিয়ায় অন্তর্ভুক্তির জন্য আবেদন করতে হবে। ৫ম পর্যায়ের পরে এখনও যেসব বিভাগ/ইনস্টিটিউটে ভর্তি হওয়ার সুযোগ আছে সেসব বিভাগ/ইনস্টিটিউটের নাম (ইউনিট/উপ-ইউনিট ভিত্তিক) ভর্তিচ্ছু শিক্ষার্থীরা তাদের স্ব স্ব profile থেকে জানতে পারবে।


ইউনিট/উপ-ইউনিট ভিত্তিক নিম্নোক্ত বিভাগ/ইনস্টিটিউটে এখনও ভর্তির সুযোগ আছেঃ-

ইউনিট/উপ-ইউনিট	বিভাগ/ইনস্টিটিউট
A ইউনিট	পরিসংখ্যান, প্রাণবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান, ভূগোল ও পরিবেশবিদ্যা, মৃত্তিকা বিজ্ঞান এবং মনোবিজ্ঞান বিভাগ
B ইউনিট	দর্শন, আরবি, ইসলামিক স্টাডিজ, ফারসি ভাষা ও সাহিত্য, পালি এবং সংস্কৃত বিভাগ
B1 উপ-ইউনিট	নাট্যকলা বিভাগ, চারুকলা ইনস্টিটিউট ও সংগীত বিভাগ
C ইউনিট	ব্যাকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগ
D ইউনিট	রাজনীতি বিজ্ঞান, সমাজতত্ত্ব, নৃবিজ্ঞান ও মনোবিজ্ঞান বিভাগ
D1 উপ-ইউনিট	ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগ

যে সকল শিক্ষার্থী উল্লিখিত বিভাগ/ইনস্টিটিউটসমূহে ভর্তি হতে আগ্রহী সে সকল ভর্তিচ্ছু শিক্ষার্থীকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে প্রবেশ করে “I am still interested to admit” অপশনে ১২ জানুয়ারি থেকে ১৬ জানুয়ারি ২০১৯ তারিখ রাত ১১:৫৯ টা এর মধ্যে ক্লিক করে নির্ধারিত বিভাগ/ইনস্টিটিউটসমূহে অন্তর্ভুক্তির জন্য আবেদন করতে হবে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আবেদন পাবার পর মেধাক্রমানুসারে তাদের অন্তর্ভুক্তির তালিকা প্রকাশ করা হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে যে সকল শিক্ষার্থী আগ্রহী প্রার্থীদের তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন করবে না তাদের প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে: (<http://admission.cu.ac.bd>) পাওয়া যাবে এবং প্রয়োজনে ভর্তি নির্দেশিকায় উল্লিখিত হটলাইন/হেল্পলাইন নম্বরে যোগাযোগ করা যাবে।

আদেশক্রমে-


(এস. এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
ও সচিব, ভর্তি কমিটি, চ.বি.

/ছদর/